# ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

Corporate Office : 3/C, New Baily Road, Ramna, Dhaka. Ph : 9345942, PABX: 8312757, 8317328,
E-mail : dcaa.2009@gmail.com Website: www.dcaadhaka.org


প্রচারপত্র নং-১৭/২০১৯ তারিখ ঃ ০৫-০৮-২০১৯ইং

## বিজ্ঞপ্তি

সম্মানিত সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম। আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, বিগত কয়েক মাস যাবৎ চট্টগ্রাম বন্দর হতে আইসিডি, কমলাপুর বন্দরে কন্টেইনার পরিবহণে অস্বাভাবিক বিলম্ব ঘটছে। ফলে আইসিডি ব্যবহারকারী আমদানী/রপ্তানীকারকগণ তথা সিএন্ডএফ এজেন্টবৃন্দ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছেন। বাংলাদেশ রেলওয়ের মাধ্যমে কন্টেইনার পরিবহণ বিলম্বিত হলেও চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ প্রথানুযায়ী ডেমারেজ চার্জ অব্যাহত রাখে, যা প্রকারন্তে আমদানীকারককেই বহণ করতে হয়। অপ্রত্যাশিত এই ডেমারেজ চার্জ অব্যাহত থাকায় আমদানীকারকগণ ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছেন এবং ক্রমান্বয়ে আইসিডি বন্দর ব্যবহারে নিরুৎসাহিত হচ্ছেন। অনুরূপভাবে, আইসিডি বন্দরের সাথে সম্পৃক্ত সিএন্ডএফ এজেন্টবৃন্দ প্রায় কর্মহীন হয়ে পড়েছে।

নানামূখী কারণে আইসিডি, কমলাপুরগামী কন্টেইনার পরিবহণ বিলম্বিত হওয়ায়, চট্টগ্রাম বন্দরে আইসিডি কমলাপুর বন্দরের আনুমানিক ১,৮০০ (এক হাজার আটশত) কন্টেইনারের এক বিশাল জট সৃষ্টি হলেও কন্টেইনার পরিবহণ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অনেকাংশেই নির্বিকার থাকেন। এমতাবস্থায়, আইসিডি বন্দর ব্যবহারকারী সাধারণ সদস্যদের স্বার্থ বিবেচনায় ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশনের পক্ষ হতে আইসিডি, কমলাপুর বন্দরে গত ০৪/০৭/২০১৯ইং তারিখে এক সাংবাদিক সম্মেলনের মাধ্যমে সমস্যা সমাধানে সাংবাদিকসহ সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়। দেশের স্বনামধন্য প্রিন্ট ও ইলেকট্রোনিক মিডিয়া এই বিষয়টি অত্যন্ত গুরুত্ব সহকারে প্রচার করে।

অতি দ্রুততম সময়ের মধ্যে উদ্ভূত সমস্যা সমাধানে বর্তমান কার্যকরী পরিষদের নেতৃবৃন্দ, জাতীয় রাজস্ব বোর্ডের উর্ধ্বতন কর্মকর্তাসহ সংশ্লিষ্ট কমিশনার, বন্দর কর্তৃপক্ষ, রেলওয়ে কর্তৃপক্ষ, এফবিসিসিআই, ডিসিসিআই, শিপিং এজেন্ট ও অন্যান্য স্টেক হোল্ডারদের সমন্বয়ে একটি যৌথ সভা আয়োজনে সংশ্লিষ্ট সকল পক্ষের সাথে পত্রালাপ ও সরাসরি যোগাযোগ স্থাপন করেন। এরই ধারাবাহিকতায়, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ঢাকায় হোটেল পূর্বাণী ইন্টারন্যাশনালে ২৩-০৭-২০১৯ইং তারিখে একটি যৌথ সভার আয়োজন করেন। উক্ত সভায় চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সম্মানিত চেয়ারম্যান রিয়ার এডমিরাল জুলফিকার আজিজ (ই) পিএসসি, বিএন, জাতীয় রাজস্ব বোর্ডের সম্মানিত সদস্য (শুল্ক নীতি ও আইসিটি) জনাব সৈয়দ গোলাম কিবরিয়া, বাংলাদেশ রেলওয়ের পরিচালক (ট্রাফিক) জনাব মোঃ মাহবুবুর রহমান, কাস্টম হাউস, আইসিডি এর সম্মানিত কমিশনার জনাব মোঃ আনোয়ার হোসাইন, হাইওয়ে পুলিশের এস.পি জনাব মোঃ নজরুল ইসলাম, আইসিডি কমলাপুর বন্দরের ডেপুটি ট্রাফিক ম্যানেজার জনাব আহমেদুল করিম চৌধুরী, শিপিং এজেন্ট প্রতিনিধি, আমদানি/রপ্তানিকারক প্রতিনিধিসহ অন্যান্য স্টেক হোল্ডারগণ উপস্থিত ছিলেন। সভায় এসোসিয়েশনের পক্ষ থেকে চট্টগ্রাম বন্দর হতে আইসিডি বন্দরের কন্টেইনার পরিবহণে বাংলাদেশ রেলওয়ের ওয়াগন, ইঞ্জিন ও লোকবলের সীমাবদ্ধতা থাকায় শিপিং এজেন্টকে বিশেষ ব্যবস্থাপনায় সড়ক পথে অথবা বিকল্প পথে অর্থাৎ পানগাঁও বন্দর দিয়ে আইসিডিগামী কন্টেইনার দ্রুত পরিবহণের বিষয়ে প্রস্তাবনা তুলে ধরা হয়।

অতঃপর ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশনের প্রস্তাবনার প্রেক্ষিতে কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর এর কমিশনার জনাব মোঃ আনোয়ার হোসাইন জাতীয় রাজস্ব বোর্ডের সম্মতির ভিত্তিতে পানগাঁও বন্দর দিয়ে সাময়িক সময়ের জন্য আইসিডিগামী কন্টেইনার আনায়ন ও ডেলিভারি প্রদানের পক্ষে মতামত জ্ঞাপন করেন। উক্ত যৌথ সভায় এসোসিয়েশনের প্রস্তাবনা আলোকে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক জাতীয় রাজস্ব বোর্ড থেকে একটি প্রজ্ঞাপন নং-৩৫/২০১৯/কাস্টমস্, তারিখ-০১/০৮/২০১৯ইং জারী করা হয়, যা হুবহু নিম্নে আপনাদের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রচার করা হলো;

(মোঃ ফারুক আলম)
সাধারণ সম্পাদক

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ/০১ আগস্ট, ২০১৯ খ্রিস্টাব্দ।

নং ৩৫/২০১৯/কাস্টমস।—Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 9 এবং 10 এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কাস্টম হাউস, আইসিডি, কমলাপুরের মাধ্যমে শুল্কায়ন ও খালাসের উদ্দেশ্যে আনীত পণ্যচালানসমূহ কাস্টম হাউস, পানগাঁও এর আওতাধীন পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনালের মাধ্যমে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক শুল্কায়ন ও খালাস কার্যক্রম সম্পন্নের অনুমতি প্রদান করিল, যথা :—

শর্ত

(১) আমদানিকারকগণ অথবা তাদের পক্ষে সিএন্ডএফ এজেন্ট সংশ্লিষ্ট শিপিং লাইনকে আমদানিতব্য কন্টেইনারের তালিকা প্রদান করে নদীপথে জাহাজযোগে পানগাঁও বন্দরে আনয়নের অনুরোধ করবে এবং প্রয়োজনীয় সহায়তার জন্য প্রণীত তালিকার একটি অনুলিপি সংশ্লিষ্ট কমিশনারদের সরবরাহ করবে;

(২) চট্টগ্রাম বন্দর হতে আলোচ্য পণ্যচালান বা কন্টেইনার শুধুমাত্র জলপথে পরিবহন করে পানগাঁও বন্দরে আনয়ন করতে হবে;

(৩) পানগাঁও আইসিটি কর্তৃপক্ষ এ জাতীয় পণ্যচালানসমূহ পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনালের অভ্যন্তরে শুল্কায়ন, পরীক্ষণ ও খালাস কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থাদি নিশ্চিত করবেন;



মূল্য : টাকা ৪.০০

(৪) এ জাতীয় পণ্যচালানসমূহের ক্ষেত্রে ইমপোর্ট মেনিফেস্ট সংশোধন বা স্ট্যাটাস পরিবর্তন করা যাবে না;

(৫) পানগাঁও আইসিটিতে আগমনের পর হতে পণ্যছাড় পর্যন্ত পণ্যচালানসমূহের নিরাপত্তা পানগাঁও আইসিটি কর্তৃপক্ষ নিশ্চিত করবে;

(৬) কাস্টম হাউস, আইসিডি এ প্রজ্ঞাপনের আওতায় খালাসকৃত পণ্যচালানের বিস্তারিত তথ্য সাপ্তাহিক ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করবে;

(৭) পরিবহন সমস্যার কারণে সৃষ্ট চট্টগ্রাম বন্দরে কন্টেইনার জট হ্রাস করার উদ্দেশ্যে সম্পূর্ণ সাময়িক ব্যবস্থা হিসাবে এ কার্যক্রম গ্রহণ করতে হবে; এবং

(৮) আগামী ৩১ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের পর এ প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

সৈয়দ গোলাম কিবরীয়া
সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd